গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
www.brahmanbaria.gov.bd

স্মারক নং-০৫.৪২.১২৬৩.০০০.০৬.০০৫.২৪- ৫০

তারিখ: ০২ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি (১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ)

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি লিঃ এর সভাপতি/ সম্পাদকগণকে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের ২৩ জুন ২০০৯ তারিখের ভূ:ম:/শা-৭/বিবিধ(জল)/ ০২/২০০৯-১৯১/১(৬০০) নং স্মারকে প্রকাশিত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি মালা , ২০০৯ এবং ০২/১১/২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.(অংশ-১)-৬৬২ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে ব্রাহ্মণবাড়িয়া জেলার ২০(বিশ) একরের নীচে ইজারাযোগ্য বদ্ধ শ্রেণির জলমহালসমূহ ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনে ইজারা প্রদান করা হবে। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির সভাপতি/সাধারণ সম্পাদকগণকে নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট https://minland.gov.bd অথবা https://jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। ইজারার ক্ষেত্রে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো উপযুক্ত যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

## সময়সূচি:

| ক্র. নং | তারিখ | গৃহীতব্য কার্যক্রম |
|---|---|---|
| ০১. | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দের মধ্যে (২৩ জানুয়ারি ২০২৪ - ১৬ ফেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে) | সরকারি জলমহাল ইজারা প্রাপ্তির লক্ষ্যে অনলাইনে আবেদন দাখিল |
| ০২. | ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ( ১৮ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,কসবা, ব্রাহ্মণবাড়িয়ায় দাখিল |

## ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ সন মেয়াদে সনের ইজারাযোগ্য তফসিল ও ইজারামূল্য

| ক্র নং | উপজেলা | জলমহালের নাম | মৌজা | দাগ নং | আয়তন (একর) | প্রস্তাবিত সরকারি ইজারামূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কসবা | বিষ্ণুপুর খাস পুকুর | বিষ্ণুপুর | ২৫৩ | ১.০৭০০ | ৬,১৮৬/- |
| ০২ | | দেলী খাস পুকুর | দেলী | ৭৯৫ | ৩.৬৪০০ | ৮৮,২৭১/- |
| ০৩ | | রাউৎহাট খাস পুকুর | রাউৎহাট | ৩২৮ | ১.৪৪০০ | ২৭,৫৮৫/- |
| ০৪ | | মাইজখার খাস পুকুর | মাইজখার | ২৩৬১ | ০.৯৫০০ | ৩১,৯৯৮/- |
| ০৫ | | কুটি বেড়ি বিল | কুটি | ৫১৫ | ৪.২৬০০ | ১২,৬৯০/- |

CamScanner

**নিয়মাবলীঃ**

০১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে https://minland.gov.bd অথবা https://jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন অনলাইনে আবেদন দাখিল করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া বরাবর ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার (যে কোন তফসিলি ব্যাংক) মূলে (অফেরতযোগ্য) দাখিল সাপেক্ষে আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ক্রয় করা যাবে। আবেদন ফরমের সমুদয় কলাম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

০২। যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে। এছাড়া কোন জলমহাল নিয়ে বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকলে তা বিজ্ঞপ্তি প্রকাশের ০৫ (পাঁচ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পক্ষকে সর্বশেষ অবস্থা/আরজির অনুলিপি ও অন্যান্য কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।অন্যথায় কোন নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা নেই মর্মে ইজারা কার্যক্রম অব্যাহত রাখা হবে।

০৩। জলমহাল ইজারা বিজ্ঞপ্তি ও অন্যান্য শর্তাদি www.kasba.brahmanbaria.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৪। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

০৫। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ টাকা) উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া'র অনুকূলে জামানত হিসেবে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে এ কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে '.............. জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন' স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পাশে আবেদনকারী সমিতির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে।

০৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৭। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন দাখিল না করে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়ায় ম্যানুয়ালি আবেদন দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে।

০৮। জলমহাল ইজারা সংশ্লিষ্ট যে কোন তথ্য এ কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ হতে জানা যাবে এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী সংশ্লিষ্ট অন্যান্য শর্তাদি প্রযোজ্য হবে।

১০। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬/০১/২৪

মুহাম্মদ শাহরিয়ার মুক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কসবা, ব্রাহ্মণবাড়িয়া

১৬/১/২০২৪

CamScanner

তারিখ: ০২ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নং-০৫.৪২.১২৬৩.০০০.০৬.০০৫.২৪- ৫০

বিতরণ: কার্যার্থে ও সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৪৬ ব্রাহ্মণবাড়িয়া-৪ ও মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

০২। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

০৪। সহকারী কমিশনার (ভূমি), কসবা, ব্রাহ্মণবাড়িয়া ও সদস্য সচিব, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
(নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।)

০৫। অফিসার ইনচার্জ, কসবা থানা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

০৬। উপজেলা ....................................অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

০৭। সম্পাদক, ..........................................পত্রিকা, উক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ............... তারিখের মধ্যে
সরকারি বিধি মোতাবেক একবার প্রচার করে সৌজন্য কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..................................ইউনিয়ন ভূমি অফিস, কসবা, ব্রাহ্মণবাড়িয়া। ( ঢোল সহরতের
মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।)

০৯। জনাব ..............................................................., কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

১০। নোটিশ বোর্ড।

১৬/০১/২৪

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কসবা, ব্রাহ্মণবাড়িয়া

CamScanner